



গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার  
উপজেলা সমবায় কার্যালয়  
শায়েস্তাগঞ্জ, হবিগঞ্জ।

## সিটিজেন চাটার

সিটিজেন চাটার

### নিবন্ধন প্রদান ও উপ-আইন সংশোধন :

- ১। বৈধ উপায়ে নিজেদের আর্থ সামাজিক অবস্থার উন্নয়নের জন্য ন্যূনতম ২০(বিশ) জন একক ব্যক্তির সমন্বয়ে গঠিত প্রাথমিক সমবায় সমিতি নিবন্ধন প্রদান করা হয়।
- ২। সমবায় সমিতির নিবন্ধনের সময় সমবায় সমিতি পরিচালনার সুনির্দিষ্ট বিধানাবলী সর্বস্বিত উপ-আইন নিবন্ধন ও প্রয়োজনবোধে উপ-আইনের সংশোধন করা হয়।
- ৩। সরকারি কর্মসূচীর আওতায় বিত্তহীন, ভূমিহীন ও আশ্রয়হীনদের দারিদ্র বিমোচনের লক্ষ্যে গঠিত প্রাথমিক সমবায় সমিতির নিবন্ধনের জন্য ৫০/- (পঞ্চাশ) টাকা এবং অন্যান্য সমিতি নিবন্ধনের জন্য ৩০০/=(তিন শত) টাকা নিবন্ধন ফি জমা দিতে হয়।
- ৪। দারিদ্র বিমোচনের লক্ষ্যে সেচ্ছায় বা সরকারি কর্মসূচীর আওতায় গঠিত প্রাথমিক ৩০০০/- (তিন হাজার), কো-অপারেটিভ সোসাইটি নিবন্ধনের জন্য কমপক্ষে এককোটি টাকা এবং অন্যান্য প্রাথমিক সমিতি নিবন্ধনের জন্য কমপক্ষে ২০ (বিশ হাজার) টাকা পরিশোধিত মূলধন থাকতে হয়।

### ব্যবস্থাপনা কমিটি গঠন, অডিট সম্পাদন, সমিতি পরিদর্শন, বিরোধ নিষ্পত্তি ও অবসায়ন :

- ১। সমিতির ব্যবস্থাপনা গণতান্ত্রিক ভাবে নিবাচিত কমিটি কর্তৃক পরিচালিত হয়। কোন সমবায় সমিতি নিধারিত তারিখে নির্বাচন করতে ব্যর্থ হলে অন্তর্বর্তী কমিটি গঠন করতে হয়।
- ২। জেলা সমবায় অফিসার কর্তৃক ক্ষমতাপ্রাপ্ত কোন কর্মচারী বা ব্যক্তি দ্বারা প্রাথমিক সমিতির ব্যবস্থাপনা ও আর্থিক কার্যক্রমের উপর বাৎসরিক নিরীক্ষা সম্পাদন করা হয়।
- ৩। সমিতিতে সংগঠিত কোন অনিয়ম জেলা সমবায় অফিসার পরিদর্শন কিংবা তদন্তের মাধ্যমে নিষ্পত্তি করেন।
- ৪। প্রাথমিক সমিতিতে নির্বাচন সহ যে কোন বিরোধ জেলা সমবায় অফিসারে নিকট দায়ের করা হলে তিনি বা নিযুক্ত সালিশকারী ন্যায় বিচার, সমতা ও সবিবেচনা প্রসূত ভাবে নিধারিত সময়ের মধ্যে রায় প্রদান করেন। রায়ে কেউ সংক্ষুব্ধ হলে বিভাগীয় সমবায় দপ্তরের উপ-নিবন্ধক (বিচার) এর নিকট আপিল করতে পারেন।
- ৫। প্রাথমিক সমিতি অকার্যকর হলে কিংবা সদস্যগণ সমিতি পরিচালনায় অনাগ্রহী হলে জেলা সমবায় অফিসার সমিতিতে অবসায়ন করতে পারেন। আবার সদস্যদের আগ্রহের কারণে অবসায়ন আদেশ প্রত্যাহার করতে পারেন।

### প্রশিক্ষণ :

- ১। কুমিল্লা শহরের উপকণ্ঠে কোট বাড়িতে অবস্থিত দেশের শীষ সমাবয় প্রশিক্ষণ প্রতিষ্ঠান বাংলাদেশ সমবায় একাডেমি, আঞ্চলিক সমবায় প্রশিক্ষণ ইনস্টিটিউট, মুক্তাগাছা, আঞ্চলিক সমবায় প্রশিক্ষণ ইনস্টিটিউট, মৌলভীবাজার সহ ১০টি আঞ্চলিক সমবায় প্রশিক্ষণ ইনস্টিটিউটে সমবায় সমিতির সদস্যদের প্রশিক্ষণ সেবা প্রদান করা হয়। জেলা সমবায় কার্যালয়ের ভ্রাম্যমাণ প্রশিক্ষণ ইউনিট সমিতিতে গিয়ে সদস্যদের প্রশিক্ষণ প্রদান করে থাকেন।
- ২। সমবায় অধিদপ্তরের ঢাকস্থ সদর কার্যালয়, বাংলাদেশ সমবায় একাডেমি ও মুক্তাগাছা সহ ১০টি আঞ্চলিক সমবায় প্রশিক্ষণ ইনস্টিটিউটে অবস্থিত অত্যাধুনিক কম্পিউটার ল্যাব এর মাধ্যমে সদস্য ও সমবায় অধিদপ্তরের কর্মকর্তা/কর্মচারীদের আধুনিক তথ্য প্রযুক্তিগত প্রশিক্ষণ প্রদান করে থাকেন।

### অভিযোগ নিষ্পত্তি :

কোন অভিযোগ থাকলে জেলা সমবায় অফিসারের নিকট দাখিল করলে তা নিষ্পত্তি করা হয়ে থাকে।

স্বাক্ষরিত

মো: ইসমাইল তালুকদার  
উপজেলা সমবায় কর্মকর্তা  
শায়েস্তাগঞ্জ, হবিগঞ্জ।

ucoshayestaganj23@gmail.com